



সৌদি আরবের অ্যাপাচি হেলিকপ্টার ভূপাতিতের দাবি হুতিদের



ছবি: সংগৃহীত

সৌদি আরবের দক্ষিণাঞ্চলীয় নাজরানে একটি অ্যাপাচি সামরিক হেলিকপ্টার ভূপাতিত করার দাবি করেছে ইয়েমেনের হুতি বিদ্রোহীরা। শনিবার (১৮ অক্টোবর) হুতিদের পরিচালিত সংবাদ সংস্থা সাবার প্রকাশিত এক বিবৃতিতে এ দাবি করা হয়। খবর আনাদোলু এজেন্সির।

হুতিদের সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারি বলেন, সৌদি-ইয়েমেন সীমান্ত এলাকায় হুতিদের অবস্থান লক্ষ্য করে অভিযান চালানোর সময় হেলিকপ্টারটি ভূপাতিত করা হয়েছে। তবে এ বিষয়ে সৌদি কর্মকর্তাদের তাত্ক্ষণিক কোনো বক্তব্য পাওয়া যায়নি।

গত জুলাই থেকে ইয়েমেনে নতুন করে সামরিক উত্তেজনা চলছে। এ সময়ে সৌদি আরবের বিরুদ্ধে একাধিক হামলা চালানোর দাবি করেছে হুতিরা। তাদের দাবি করা হামলার লক্ষ্যবস্তুর মধ্যে বেসামরিক বিমান চলাচল স্থাপনা ও জ্বালানি অবকাঠামোও রয়েছে।

ইয়েমেনে সংঘাতের সূত্রপাত ২০১৪ সালে, যখন হুতিরা রাজধানী সানা ও কয়েকটি প্রদেশের নিয়ন্ত্রণ নেয়। পরের বছর আন্তর্জাতিকভাবে স্বীকৃত ইয়েমেন সরকারকে সহায়তা দিতে সৌদি নেতৃত্বাধীন জোট সামরিক অভিযান শুরু করে। ২০২২ সালে যুদ্ধবিরতি হলেও তা ভেঙে যাওয়ার পর গত জুলাই থেকে সংঘাত আবারও তীব্র হয়েছে।